# এনআইএলজি নিউজলেটার

(এনআইএলজি'র কার্যক্রম সম্পর্কিত ত্রৈমাসিক নিউজলেটার)

ইস্যু সংখ্যা ১৫ — জানুয়ারি - মার্চ, ২০২১খ্রি.


## মহাপরিচালক এর যোগদান



গত ৩১-১২-২০২০ তারিখ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব জনাব সালেহ আহমদ মোজাফফর (পরিচিতি নং ৫৯৭৯) জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) এর মহাপরিচালক হিসেবে যোগদান করেন। ইতোপূর্বে তিনি বিসিএস প্রশাসন একাডেমী'র মেম্বার ডিরেক্টিং স্টাফ হিসেবে দায়িত্ব পালন করেন। এনআইএলজিতে যোগদানের করে সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণের সাথে মতবিনিময় করেন। এনআইএলজি'র সকলকে এক পরিবারের সদস্য মনে করে যার যার দায়িত্ব নিষ্ঠার সাথে পালনের তাগিদ দেন।

## ইউনিয়ন পরিষদের উপর বিভিন্ন মডিউল এবং ই-লার্নিং কোর্সের উদ্বোধন





সুইস ডেভেলপমেন্ট কোঅপারেশন এজেন্সি (এসডিসি) এবং হেলভেটাস সুইস ইন্টারকোঅপারেশন বাংলাদেশের এর কারিগরী সহযোগিতায় পরিচালিত "শরিক" প্রকল্পের অওতায় এনঅআইএলজি গত ৩০ জানুয়ারী ২০২১ খ্রি. তারিখে হোটেল প্যান প্যাসিফিক সোনারগাঁও-এ ইউনিয়ন পরিষদের উপর বিভিন্ন প্রশিক্ষণ মডিউল এবং প্রথম ই-লার্নিং কোর্সের উদ্বোধন অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ছিলেন মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি। বিশেষ অতিথি হিসেবে ছিলেন বাংলাদেশে সুইজারল্যান্ডেরে এমব্যাস্যাডর, এইচ. এম. নাথালি চুয়ার্ড। অনুষ্ঠানে সভাপত্তিব করেন স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব জনাব হেলাল উদ্দিন আহমেদ। অনুষ্ঠানে মন্ত্রণালয় এর সিনিয়র কর্মকর্তাবৃন্দ, উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, এনআইএলজি'র সকল কর্মকর্তাবৃন্দ, স্থানীয় সরকার প্রতিষ্ঠানের চেয়ারম্যান, সচিব এবং অনলাইন জুম প্লাটফর্মে ৩০ জন ইউনিয়ন পরিষদ সচিবসহ বিভিন্ন অতিথিবৃন্দ যুক্ত ছিলেন। এছাড়াও বিভিন্ন প্রিন্ট মিডিয়া, সাংবাদিক উপস্থিত ছিলেন। এনআইএলজি শরিক প্রকল্পের সহযোগিতায় ১০ টি টিওটি (ইউনিয়ন পরিষদের বিভিন্ন বিষয়ের উপর ইস্যু ভিত্তিক ) বই এবং ইউপি সচিবদের জন্য বুনিয়াদী প্রশিক্ষণের জন্য ১৫ টি প্রশিক্ষণ মডিউল মাননীয় মন্ত্রী মোড়ক উন্মোচন করেন। মাননীয় মন্ত্রী ইউনিয়ন পরিষদের সচিবদের জন্য "ইউপি পঞ্চবার্ষিক পরিকল্পনা" শীর্ষক প্রথম ই-লার্নিং কোর্সের শূভ উদ্বোধন করেন।

## এনআইএলজি'র ৫৪তম বিওজি (BOG) কার্যক্রম



গত ১৪ মার্চ ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে এনআইএলজি'র পরিচালনা বোর্ডের (Board of Governors) ৫৪তম সভা। উক্ত সভায় সভাপতিত্ব করেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি। সহ-সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য এমপি।

## যথাযোগ্য মর্যাদায়বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস



১৭ মার্চ ২০২১ যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্বর্যের মধ্য দিয়ে পালন করা হয় স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস। এ দিবসে  এনআইএলজি’র পক্ষ থেকে বঙ্গবন্ধুর মুরালে শ্রদ্ধা নিবেদন করা হয়। এছাড়াও এনআইএলজি রাষ্ট্রীয় কর্মসূচির পাশাপাশি বঙ্গবন্ধুর জন্মশতবাষিকী উপলক্ষ্যে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি, লাইব্রেরীতে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন ও বৃক্ষ রোপন করা হয়।

## স্থানীয় সরকারে বঙ্গবন্ধুর ভাবনা এবং করণীয় শীর্ষক সেমিনার







গত ২৭-০৩-২০২১ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে এনআইএলজি “স্থানীয় সরকারে বঙ্গবন্ধুর ভাবনা ও করণীয়” শীর্ষক সেমিনারের আয়োজন করে। উক্ত সেমিনারে প্রধান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি। সেমিনারে সভাপতিত্ব করেন স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব জনাব হেলালুদ্দীন আহমদ। প্রবন্ধ উপস্থাপন করেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের লোক প্রশাসন বিভাগের অধ্যাপক ড. প্রণব কুমার পান্ডে। আলোচনায় অংশগ্রহণ করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের লোক প্রশাসন বিভাগের অধ্যাপক ড. আখতার হোসেন ও স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী জনাব মো. আব্দুর রশীদ খান। স্বাগত বক্তব্য প্রদান করেন জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট এর মহাপরিচালক জনাব সালেহ আহমদ মোজাফফর।

## পারস্পরিক শিখন শিক্ষা সফর




এনআইএলজি শ্রেণি কক্ষের পাশাপাশি হাতে কলমে ও সরেজমিনে প্রত্যক্ষ করে শেখার জন্য এনআইএলজি'র কর্মকর্তা ও কর্মচারী, জনপ্রতিনিধি এবং ইউনিয়ন পরিষদ সচিববৃন্দদের নিয়ে পারস্পরিক শিখন শিক্ষা সফরের আয়োজন করে থাকে। এরই ধারা বাহিকতায় গত ১৮-২০ মার্চ ২০২১ তারিখএনআইএলজি'র কর্মকর্তাগণ খাগড়াছড়ি জেলার সদর উপজেলার গোলাবাড়ী ইউনিয়ন পরিষদ ও রাঙ্গামাটি জেলার বাঘাইছড়ি উপজেলার সাজেক ইউনিয়ন পরিষদ ভ্রমন করা হয়। সেখানে সমতলের ইউনিয়ন পরিষদ ও পাহাড়ী এলাকার ভূমি ব্যবস্থাপনা, আয়ের খাতসমূহ, পরিকল্পনা, বিচার ব্যবস্থাপনা সম্পর্কে সম্যক জ্ঞান লাভ করে।

এ ছাড়াও ইউনিয়ন পরিষদের ৫৭তম ব্যাচ ঢাকা জেলার সভার উপজেলার ধামসোনা ইউনিয়ন পরিষদ ও ৫৮তম বুনিয়াদী প্রশিক্ষণ কোর্সের সচিবগণ বঙ্গবন্ধু দারিদ্র বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড), কোটারীপাড়া, গোপালগঞ্জ। ০৩ (তিন)টি এবং প্রশিক্ষণার্থী ১০৫ জন প্রশিক্ষণটিতে অংশগ্রহণ করেছিলেন।



পারস্পারিক শিখন শিক্ষা সফর, ধামসোনা ইউনিয়ন পরিষদ, সাভার, ঢাকা।



পারস্পারিক শিখন শিক্ষা সফর, কোটালীপাড়া, গোপালগঞ্জ

## প্রশিক্ষণ কার্যক্রম




গত জানুয়ারি, ফেব্রুয়ারি এবং মার্চ, ২০২১ মাসে ইউনিয়ন পরিষদ সচিবগণের জন্য 'বুনিয়াদী প্রশিক্ষণ" ও "স্থানীয় সম্পদ আহরণ ও উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন" ইউনিয়ন পরিষদের হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটরগণের জন্য "ইউনিয়ন পরিষদ প্রশাসন ও আর্থিক ব্যবস্থাপনা", এবং ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশগণের জন্য "আইন শৃংখলা রক্ষায় গ্রাম পুলিশের ভূমিকা", উপজেলার অফিস সুপারিটেনডেন্ট (ওএস) এবং গোপনীয় সহকারী (সিএ)গণের জন্য "উপজেলা প্রশাসন ও অফিস ব্যবস্থাপনা" পৌরসভার মেয়রগণের জন্য "পৌরসভা প্রশাসন অবহিতকরণ", পৌরসভার কনজারভেন্সী ইন্সপেক্টরগণের জন্য "বর্জ্য ব্যবস্থাপনা" কোর্সসহ এনআইএলজি'র কর্মকর্তা ও কর্মচারীগণের জন্য "অভ্যন্তরীণ দক্ষতা বৃদ্ধি" শীর্ষক প্রশিক্ষণ বাস্তবায়ন করা হয়। উক্ত সময়ে ০৩ (তিন)টি বুনিয়াদি প্রশিক্ষণ বাস্তবায়ন হয়, যথাক্রমে ৫৭তম, ৫৮তম এবং ৫৯তম। বুনিয়াদি প্রশিক্ষণের উদ্দেশ্য হলো সচিবগণের সক্ষমতা ও কর্মদক্ষতা বৃদ্ধির করে প্রশিক্ষণলব্ধ জ্ঞান ও মেধাকে কাজে লাগিয়ে ইউনিয়ন পরিষদেও কাজের গতিশীলতা ও জনসেবা সহজতর করাসহ বাংলাদেশের উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা রাখতে সমর্থ হবে। ০৩টি বুনিয়াদী প্রশিক্ষণ কোর্সে মোট ১২০ জন ইউপি সচিব অংশগ্রহণ করেন।




সিনিয়র সচিব, জনাব হেলালুদ্দীন আহমদ
অংশগ্রহণকারীগণের মধ্যে সনদ প্রদান করছেন।



এছাড়াও উক্ত মেয়াদে ইউনিয়ন পরিষদের হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটরগণের জন্য “ইউনিয়ন পরিষদ প্রশাসন ও আর্থিক ব্যবস্থাপনা” শীর্ষক প্রশিক্ষণ বাস্তবায়ন করা হয়ে। এতে মোট ৮টি ব্যাচে ১৯৮ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে। এ সময়ে উপজেলা প্রশাসনের সহায়তায় গ্রাম পুলিশগণের জন্য “আইন-শৃংখলা রক্ষায় গ্রাম পুলিশের ভূমিকা” শীর্ষূক প্রশিক্ষণের ৪৫টি ব্যাচে মোট ১৯০৫জন গ্রাম পুলিশ অংশগগ্রহণ করে। জানুয়ারি - মার্চ, ২০২১ মেয়াদে পৌরসভাকে একটি শক্তিশালী স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসাবে গড়ে তুলতে এবং সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে পৌরসভা প্রশাসন অবহিতকরণ কোর্স আয়োজন করা হয়।

পৌরসভার মেয়রগণের জন্য আয়োজিত এ প্রশিক্ষণ কোর্সে ০২ (দুই)টি ব্যাচে মোট ৪৯ জনকে প্রশিক্ষণ দেয়া হয়। ০২ (দুই) দিন মেয়াদী এ প্রশিক্ষণ কোর্সে পৌরসভার স্থায়ী কমিটির দায়িত্ব ও কার্যাবলী, পৌরসভার সেবা প্রদানে উদ্ভাবনী উদ্যোগ, পৌরসভায় সম্পদ আহরণ ও ব্যবস্থাপনা, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়নে পৌরসভার ভূমিকা প্রভৃতি বিষয়ে আলোচনা করা হয়।

## ভ্যালিডেশন কর্মশালা



এনআইএলজি বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণ উপকরণ হিসেবে বিভিন্ন প্রশিক্ষণ ম্যানুয়েল, হ্যান্ডবুক ও সহায়িকা প্রণয়ন করে থাকে। প্রশিক্ষণ ম্যানুয়েল, হ্যান্ডবুক ও সহায়িকা চূড়ান্তকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট নির্বাচিত জনপ্রতিনিধি এবং কর্মচারী; এনআইএলজি এবং স্থানীয় সরকার বিভাগের কর্মকর্তাগণের অংশ-গ্রহণে ভ্যালিডেশন কর্মশালাটি আয়োজন করা হয়। জানুয়ারি - মার্চ ২০২১ মেয়াদে ০৪ (চার)টি ভ্যালিডেশন কর্মশালা অনুষ্ঠিত হয় এবং অংশগ্রহণকারীর সংখ্যা ছিল ১৭৪ জন।

## সম্পাদকীয়

এনআইএলজি নিউজলেটারের পঞ্চদশ সংখ্যা পাঠকের হাতে পৌঁছে দিতে পেরে আমরা আনন্দিত। প্রতিষ্ঠানের সম্পাদিত কার্যক্রম সংশ্লিষ্ট সকলকে অবহিত করার উদ্দেশ্যে আমাদের এই ক্ষুদ্র প্রয়াস। পাঠকের মতামত আমাদের এ প্রচেষ্টার উৎকর্ষ সাধনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এনআইএলজি নিউজলেটার নিয়মিত প্রকাশে সংশ্লিষ্টদের সহযোগিতা সর্বদা অব্যাহত থাকবে বলে আশা রাখছি।

| উপদেষ্টা | সম্পাদকমন্ডলী |
|---|---|
| জনাব সালেহ আহমদ মোজাফফর, মহাপরিচালক | জনাব মোঃ মনিরুজ্জামান, পরিচালক (গবেষণা ও পরিকল্পনা)- সম্পাদক<br>জনাব মোঃ আবদুল খালেক, যুগ্মপরিচালক (গবেষণা ও পরিকল্পনা)- সদস্য<br>জনাব মোঃ নুরুল ইসলাম, গবেষণা কর্মকর্তা - সদস্য<br>জনাব মোহাম্মদ আবদুল জলিল মল্লিক, প্রকাশনা কর্মকর্তা - সদস্য |

| **জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)** | বুক পোস্ট |
|---|---|
| ২৯, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।<br>পিএবিএক্স: ৫৫০০৬৯৯২, ৫৫০০৬৯৯৩, ফ্যাক্স: ৫৫০০৬৯৭৯, ৫৫০০৬৯৯৮<br>ই-মেইল: info@nilg.gov.bd, nilgbd@gmail.com<br>ফেসবুক: www.facebook.com/nilgbd, ওয়েবসাইট: nilg.gov.bd | ......................................................<br>......................................................<br>...................................................... |